গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা: ২৪৮/২০১৭/ ৫৬৭৪ তারিখ: নভেম্বর ২০১৭

**বিষয়: ১৬৪ তম কমিশন সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৬৪ তম কমিশন সভা ১ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্ব করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সিএম ১৬৪/১ | **আলোচ্য বিষয়:** ১৬৩তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৬৩তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| সিএম ১৬৪/২ | **আলোচ্য বিষয়:** ১৬৩তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৬৩তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| সিএম ১৬৪/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৭(সাত)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৭ (সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৩৯৮.৪ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. ফাইজা ইন্ডাস্ট্রিজ লিমিটেড, [আর/এস-৪২৫, বাইমাইল, কোনাবাড়ি, গাজীপুর] এর অনুকূলে ৩৬০কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>২. শিকদার প্রিন্টিং [৮৬১, পূর্ব কাজীপাড়া, বেগম রোকেয়া সরণী, মিরপুর, ঢাকা-১২১৬] এর অনুকূলে ৫০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার)টাকা;<br>৩. ব্লু ক্রিয়েশনস লিমিটেড [৩৮৭/১, জিতার মোড়, কাশিমপুর, গাজীপুর] এর অনুকূলে ৬৯২কি:ও: [৬৪০ + ৫২] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৪. পিআরএস অ্যাপারেলস লিমিটেড [৬০/২-জি, কবি জসীমউদ্দিন রোড, টেকপাড়া, পাগাড়, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৩৬০ কি:ও:(ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৫. গ্রীণ লাইফ নীটেক্স লিমিটেড [৮৭৪, দেওয়ান ইদ্রিস রোড, কাঠগড়া বাজার, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪১, বাংলাদেশ] এর অনুকূলে ৩২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৬. ডেনিম অ্যাটায়ারস লিমিটেড [নিমতলী, শিলমন, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৩২৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৭. লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রি লিমিটেড [৩২, জমিরদিয়া, হবিরবাড়ি, ভালুকা-২২৪০, ময়মনসিংহ] এর অনুকূলে ২৯০.৪ কি:ও:[২২০ + ৭০.৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা। | |
| সিএম ১৬৪/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ০১(এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ডিজেল ভিত্তিক ২৮৮ কি:ও:হতে ৮৪ কি:ও: বৃদ্ধিপূর্বক ৩৭২ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. আল-মুসলিম এক্সেসরিজ লিমিটেড [নিশ্চিন্তপুর, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ২৮৮কি:ও: [২৪০+ ৪৮] এর পরিবর্তে ৩৭২ কি:ও: [২৪০+ ১৩২] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ২৯/১২/২০১৬ হতে ২৮/১২/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৪/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৭ (সতের) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ১৭ (সতের)টি প্রতিষ্ঠানকে দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায়। ১৫ দিনের মধ্যে যাচিত কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ বাতিল করা হবে মর্মে ০৯/১০/২০১৭ তারিখে পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানসমূহ কমিশনে কাগজপত্র/তথ্যাদি দাখিল করেনি।<br><br>উপস্থাপিত ১৭ (সতের) টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৭ (সতের)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার প্রস্তাব অনুমোদন করা হয় (পরিশিষ্ট-খ)। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৪/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ (তিন)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৩ (তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৯.৫৪৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সাময়িক লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. রাঈদা কালেকশন্স লিমিটেড, জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৩.১৪৪ মেগাওয়াট [৬৬০ কি.ও. (ডিজেল) +৪ x ৪৪০ কি.ও. (ডিজেল)+ ৪০০ কি.ও. (ডিজেল) + ২৮০ কি.ও. (ডিজেল) + ৪৪ কি.ও. (ডিজেল)]।<br><br>২. সিমফটেক্স অ্যাপারেল এন্ড ওয়াশিং লিমিটেড, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৩০৪ মেগাওয়াট [৮৮০ কি.ও. (ডিজেল) + ৪০০ কি.ও. (ডিজেল) + ২৪ কি.ও.(ডিজেল)]। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৩. খান ব্রাদার্স শিপ বিল্ডিং লিমিটেড, কেবিজি টাওয়ার, ১৫, ডিআইটি রোড, মালিবাগ চৌধুরীপাড়া, ঢাকা-১২১৯;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ হোসেনদি, গজারিয়া, মুন্সিগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৫.১ মেগাওয়াট [ ৩ x ১৭০০ কি.ও. (গ্যাস) ] । | |
| সিএম ১৬৪/৭ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ৩.৮১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. মাল্টিফ্যাবস্ লিমিটেড, হাউজ নং-৫৩২ (৩য় তলা), লেন-১১, ডিওএইচএস, বারিধারা, ঢাকা-১২০৬;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৩.৮১ মেগাওয়াট [ ২ x ১১৪৫ কি.ও. (গ্যাস) + ৮০০ কি.ও. (ডিজেল) + ৪৪০ কি.ও. (ডিজেল) +২৮০ কি.ও. (ডিজেল) ]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৪/৮ | **আলোচ্য বিষয়:** আরপিপি ক্যাটগরির লাইসেন্সী IEL Consortium & Associates Ltd. এর নাম সংশোধনপূর্বক Orion Power Meghnaghat Ltd. করা সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, IEL Consortium & Associates Ltd. Islampur, P.O: New Town, Upazila: Sonargaon, Narayangonj এর অনুকূলে হেভী ফার্নেশ অয়েল ভিত্তিক ১০৬.৮ মেঃওঃ ক্ষমতার আরপিপি পাওয়ার প্ল্যান্টের বিদ্যুৎ উৎপাদনের জন্য গত ১২ ফেব্রুয়ারি, ২০১২ তারিখে সাময়িক লাইসেন্স ইস্যু করা হয়। উক্ত লাইসেন্সের মেয়াদ ১১ ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত বলবৎ আছে। প্রতিষ্ঠানটি ব্যবসায়িক প্রয়োজনে তাদের প্রতিষ্ঠানের নাম IEL Consortium & Associates Ltd. সংশোধনপূর্বক Orion Power Meghnaghat Ltd. করার জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বরাবর গত ১৮ মে, ২০১৬ তারিখে আবেদন করেছে। আবেদন ফিস বাবদ ৫,০০০.০০ (পাচঁ হাজার) টাকার পে-অর্ডার নং ১৮৫৩০০৭ তারিখ ২৮ এপ্রিল, ২০১৬ কমিশনে দাখিল করেছে। পরবর্তীতে প্রতিষ্ঠানটি নাম পরিবর্তনের স্বপক্ষে Orion Power Meghnaghat Ltd এর নামে ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর প্রত্যয়নপত্র, অডিট রিপোর্ট, পরিবেশগত ছাড়পত্র বাৎসরিক বিদ্যুৎ উৎপাদন রিপোর্ট, বিপিডি'র সহিত Orion Power Meghnaghat Ltdএর পিপিএ (পিপিএ নং ১০১৩৯ মেয়াদ ০৭.০৫.২০২১ পর্যন্ত) ও পরিবর্তিত ইনকর্পোরেশন সার্টিফিকেটকমিশনে জমা প্রদান করেছে। বর্তমানে প্রতিষ্ঠানটি Orion Power Meghnaghat Ltdএর নামে ব্যবসা পরিচালনা করছে।<br><br>**সিদ্ধান্ত:** আরপিপি ক্যাটাগরির IEL Consortium & Associates Ltd. এর নাম সংশোধনপূর্বক Orion Power Meghnaghat Ltd. Islampur, P.O: New Town, Upazila: Sonargaon, Narayangonj এর অনুকূলে এইচএফও ভিত্তিক ১০৬.৮ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের সাময়িক লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৪/৯ | **আলোচ্য বিষয়:** 'সেফওয়ে এনার্জি লিমিটেড' (রতনদী, মোগড়াপাড়া, সোনারগাও, নারায়ণগঞ্জ)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস বাবদ ১,০০,০০০/- টাকার পে-অর্ডার ও প্রযোজ্য ভ্যাট সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে 'সেফওয়ে এনার্জি লিমিটেড' (রতনদী, মোগড়াপাড়া, সোনারগাও, নারায়ণগঞ্জ)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৪/১০ | **আলোচ্য বিষয়:** 'বিএম এনার্জি (বিডি) লি:' (সীতাকুন্ড, চট্টগ্রাম)-এর অনুকূলে এলপিজি মজুদকরণ, বোতলজাত, বিতরণ ও বিপণনের বার্ষিক ক্ষমতা বৃদ্ধি ও কর্পোরেট ঠিকানা পরিবর্তনপূর্বক প্রদত্ত সাময়িক লাইসেন্স সংশোধন এবং মেয়াদ বর্ধিতকরণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** ফিস বাবদ মোট ৩২,০০,০০০/- টাকা ও প্রযোজ্য ভ্যাট আদায় সাপেক্ষে 'বিএম এনার্জি (বিডি) লি:'-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের বার্ষিক ক্ষমতা ৩০,০০০ মেট্রিক টন হতে ১,২০,০০০ মেট্রিক টনে বৃদ্ধিকরণ ও কর্পোরেট ঠিকানা সংশোধনপূর্বক সাময়িক লাইসেন্সের মেয়াদ ৯ মাস (২৫/০৪/২০১৭ হতে ২৪/০১/২০১৮ তারিখ পর্যন্ত) বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম ১৬৪/১১ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থের মজুদকরণ, বিপণন ও বিতরণের লাইসেন্স প্রদানে জটিলতা নিরসনে ৬টি প্রতিষ্ঠানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** প্রয়োজ্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ও ভ্যাট আদায় দাখিল সাপেক্ষে পেট্রোলিয়ামজাত পদার্থের মজুদকরণ বিপণন ও বিতরণের , জন্য প্রযোজ্য ধরণ অনুযায়ী নিম্নবর্ণিত ৬টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. তাজ ইন্টারন্যাশনাল লিঃ [অফিস ঠিকানাঃ নুরজাহান নীড়, ঘ-৬২, মধ্য বাড্ডা, ঢাকা-১২১২ ।], [মজুদাগার ঠিকানাঃ কেরানিগঞ্জ, ঢাকা ও আশুলিয়া, সাভার] এর অনুকূলে ০২/১০/২০১৬ হতে ০১/১০/২০১৮ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদের জন্য আবেদনকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ৩৫৫/- টাকা ও ভ্যাট চালান দাখিল সাপেক্ষে লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয়।<br><br>২. পপুলার এসোসিয়েটস [অফিসের ঠিকানাঃ ৪৮/এ-বি, পুরানা পল্টন (১০ম তলা), ঢাকা-১০০০], [মজুদাগার ঠিকানাঃ মৌজা-চুনকুটিয়া, থানা- দক্ষিণ কেরাণীগঞ্জ, জেলা-ঢাকা]। এর অনুকূলে ১৫/১২/২০১৬ হতে ১৪/১২/২০১৮ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদে আবেদনকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ৬৬১/- টাকা ও ভ্যাট চালান দাখিল সাপেক্ষে লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৩. মেসার্স গাফ্‌ফার এন্টারপ্রাইজ [অফিস ঠিকানাঃ এইচ ১৮/১, বীর উত্তম জিয়াউর রহমান রোড, মহাখালী, আমতলী, ঢাকা-১২১২ ।], [মজুদাগার ঠিকানাঃ মৌজাঃ মহাখালী, বনানী, ঢাকা]। এর অনুকূলে ০৩/১২/২০১৫ হতে ০২/১২/২০১৭ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদের জন্য আবেদনকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ৫২২/- টাকা ও ভ্যাট চালান দাখিল সাপেক্ষে প্রদানের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৪. তানভীর এন্টারপ্রাইজ [অফিস ঠিকানাঃ ৫৫, ইসলামপুর রোড, ঢাকা-১১০০ ।], [মজুদাগার ঠিকানাঃ মৌজাঃ চরগলগলিয়া, থানাঃ কেরাণীগঞ্জ, জেলাঃ ঢাকা]। এর অনুকূলে ২৭/০৪/২০১৬ হতে ২৬/০৪/২০১৮ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদে আবেদনকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ২,১৯৫/- টাকা ও ভ্যাট চালান দাখিল সাপেক্ষে লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৫. নুজহাত ট্রেডিং হাউজ [অফিস ঠিকানাঃ ৮ নং আরমেনিয়ান স্ট্রীট, ঢাকা-১১০০ ।], [মজুদাগার ঠিকানাঃ মৌজাঃ চরগলগলিয়া, থানাঃ কেরাণীগঞ্জ, জেলাঃ ঢাকা]। এর অনুকূলে ১৬/০২/২০১৬ হতে ১৫/০২/২০১৮ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদের জন্য আবেদনকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ১,৪৩৮/- টাকা ও ভ্যাট চালান দাখিল সাপেক্ষে লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৬. সেলেশটিয়াল টেক [অফিস ঠিকানাঃ ১৮ কলেজ এরিয়া, ধানমন্ডি, ঢাকা-১২০৫ ।], [মজুদাগার ঠিকানাঃ সদরঘাট, চট্টগ্রাম]। এর অনুকূলে ০৩/০৯/২০১৭ হতে ০২/০৯/২০১৯ তারিথ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদের জন্য আবেদনকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিতরণের জন্য বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস ৯৪/- টাকা ও ভ্যাট চালান দাখিল সাপেক্ষে লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| এম ১৬৪/১২ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য ৭টি প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ৭টি প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়:<br><br>১. বি.এম.এ ট্রেড ইন্টারন্যাশনাল [১১৩৯ সবুর ম্যানশন, মিস্ত্রিপাড়া, দেওয়ানহাট, ডাবলমুরিং, চট্টগ্রাম।] এর অনুকূলে দেওয়ানহাট, ডাবলমুরিং, চট্টগ্রাম এ অবস্থিত মজুদাগারে সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিতরণের জন্য ইস্যুকৃত লাইসেন্সে নতুন আইটেম সংযোজনপূর্বক ৪,৬০,০০০ লিটারে পরিমাণ বৃদ্ধিপূর্বক ১৭/০২/২০১৭ হতে ১৬/০২/২০১৯ তারিখ পর্যন্ত মেয়াদে সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>২. মেসার্স এম হোসাইন এন্ড সন্স [প্লট নং-১৭১৫, ব্লক-বি, হাউজ-০২, আব্দুল গনি ভূঁইয়া রোড, রায়েরবাগ, শ্যামপুর, ঢাকা] এর অনুকূলে মৌজা- ধরিয়া, থানা- কদমতলী, জেলা- ঢাকায় অবস্থিত মজুদাগারে সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিতরণের এর জন্য ইস্যুকৃত লাইসেন্সে নতুন আইটেম সংযোজনপূর্বক ১,০০,০০০ লিটারে পরিমাণ বৃদ্ধি ০৩/০৪/২০১৭ হতে ০২/০৪/২০১৯ তারিখ পর্যন্ত মেয়াদে সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৩. আই.এন ইন্টারন্যাশনাল এর অনুকূলে ৬,০০০ মে. টন পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিতরণের জন্য কার্যালয়ের ঠিকানা [৪৪/৪৪ দরবেশ আলী বিল্ডিং, মতিয়ারপুল, পাঠানটুলী রোড, কদমতলী, চট্টগ্রাম] হতে পরিবর্তন করে জান সুপার মার্কেট (২য় তলা), ৫২৪ ডিটি রোড, কদমতলী, চট্টগ্রাম এবং মজুদাগারের ঠিকানা সাগরিকা রোড, বিসিক ইন্ডাষ্ট্রিয়াল এলাকা, থানাঃ পাহাড়তলী, জেলাঃ চট্টগ্রাম হতে পরিবর্তন করে দাগ নং-৮৭৫৯, ৮২২০, ৮২১৯, মৌজাঃ উত্তর কাট্টলী, সাগরিকা রোড, ফৌজদারহাট শিল্প এলাকা, পাহাড়তলী, চট্টগ্রাম উল্লেখ পূর্বক ১০/০৪/২০১৬ হতে ০৯/০৪/২০১৮ মেয়াদে লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৪. মোঃ ওয়াহিদ মিয়া [চন্দ্রশীলা সুভাস্তু টাওয়ার (৫ম তলা), ৬৯/১ পান্থপথ, গ্রীণ রোড, ঢাকা-১২০৫] এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য ইস্যুকৃত লাইসেন্সে উল্লেখিত নাম মোঃ ওয়াহিদ মিয়া হতে পরিবর্তন করে ওয়াহিদ কনস্ট্রাকশন লিমিটেড এ পরিবর্তন পূর্বক ১৯/১১/২০১৫ হতে ১৮/১১/২০১৭ মেয়াদে লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৫. বেলমুর লিঃ এর অনুকূলে মৌজাঃ কাজির শিমলা, ত্রিশাল, ময়মনসিংহ এ অবস্থিত মজুদাগারে সুপারিশকৃত ৪,৯০,৪৩৮ লিটার পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিতরণের জন্য ০৫/১১/২০১৫ হতে ০৪/১১/২০১৭ তারিখ পর্যন্ত মেয়াদে সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৬. মেসার্স এইচ.কে ট্রেডিং [বাড়ি নং-জি-৩১ (৫ম তলা), মেইন রোড, সিডিএ আ/এ, কর্ণেল হাট, চট্টগ্রাম] এর অনুকূলে মৌজাঃ সলিমপুর, সীতুকুন্ড, চট্টগ্রাম এ অবস্থিত মজুদাগারে সুপারিশকৃত ৫,৪৯০ মেঃটন বিটুমিন মজুদকরণ এবং বিতরণের জন্য ১৯/১১/২০১৫ হতে ১৮/১১/২০১৭ তারিখ পর্যন্ত মেয়াদে সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৭. ইন্ডাষ্ট্রিয়াল হ্যান্ড প্রটেকশন লিঃ [প্লট নং-০৬, রোড # ০৫, সেক্টর-১/এ, সিইপিজেড, চট্টগ্রাম] এর অনুকূলে সিইপিজেড, চট্টগ্রাম এ অবস্থিত মজুদাগারে সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য ইস্যুকৃত লাইসেন্সে নতুন আইটেম (সলভেন্ট ন্যাপথা: ১৮ মেঃটন) সংযোজনপূর্বক ০৪/০৬/২০১৬ হতে ১৩/০৬/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে সংশোধনের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৪/১৩ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য ১টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস্ কর্তৃপক্ষ হতে মালামাল খালাসকরণার্থে সাময়িক লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য আকিজ সিমেন্ট কোম্পানী লিমিটেড [আকিজ চেম্বার, ৭৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০] এর অনুকূলে কদমরসুল, বন্দর, নারায়নগঞ্জ এ অবস্থিত মজুদাগারে লুব্রিকেটিং অয়েল ও হাইড্রোলিক অয়েলঃ ১১.০৬২ মে. টন মজুদকরণের জন্য ঘাটতি তথ্যাদি আগামী ০২ মাসের মধ্যে দাখিলের শর্তসাপেক্ষে প্রথম ইস্যুর তারিখ হতে ৩ (তিন) মাস মেয়াদে সাময়িক লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম ১৬৪/১৪ | **আলোচ্য বিষয়:** কমিশনে এনার্জি অডিট কার্যক্রম চালুকরণ সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, এনার্জি কনজারভেশনের জন্য এনার্জি অডিট একটি তাৎপর্যপূর্ণ বিষয়। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ২২(ক) ধারায় এনার্জি ব্যবহারকারী প্রতিষ্ঠানের দক্ষতা, এর যন্ত্রপাতি ও সরঞ্জামের মান নিরুপণ এনার্জি অডিটের মাধ্যমে জ্বালানি ব্যবহারের হিসাব যাচাই, পরীক্ষণ, বিশ্লেষণ, জ্বালানি ব্যবহারের দক্ষতার মান বৃদ্ধি ও সাশ্রয় নিশ্চিত করার বিষয়টি উল্লেখ রয়েছে।<br><br>কমিশন হতে এ পর্যন্ত এনার্জি অডিট সংক্রান্ত গৃহীত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:<br><br>৬ অক্টোবর ২০১৬ তারিখে CCEB কমিশনে 'Energy Regulatory Audit Manual for Thermal Power Plants' ও 'Energy Regulatory Audit of Ghorashal Power Plant (5th Unit, 210 MW)' নামে দু'টি রিপোর্ট জমা দেয়। পরবর্তীতে ১৫ জানুয়ারী ২০১৭ তারিখ রিপোর্ট দু'টি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।<br>পাবলিক সেক্টরে স্থাপিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহের এনার্জি অডিট এর জন্য কমিশন কর্তৃক CCEB এর মাধ্যমে 'Bangladesh Energy Regulatory Commission Regulatory Energy Audit of Generation Facilities Regulations, 2017' খসড়া প্রস্তুত করা হয়েছে। ২৪ জানুয়ারী ২০১৭ তারিখ স্বার্থ-সংশ্লিষ্ট সকল পক্ষের নিকট থেকে এর উপর মতামত চাওয়া হয়। মতামতের ভিত্তিতে কমিশনের বিদ্যুৎ শাখা হতে এ পর্যন্ত এ সংক্রান্ত আর কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।<br><br>৬ সেপ্টেম্বর ২০১৬ তারিখে এনার্জি অডিটর তালিকাভুক্তির নিমিত্ত বিজ্ঞপ্তি দেয়া হয়। দাখিলকৃত আবেদনসমূহের কোনটিই সকল শর্ত পূরণ করতে না পারায় আবেদন মূল্যায়ন কমিটি পুনরায় বিজ্ঞপ্তি দেয়া যেতে পারে মর্মে মতামত দেয়। মূলত: সার্টিফিকেট জমা না দেয়ার কারণেই মূল্যায়ন কমিটি আবেদনগুলো অগ্রহণযোগ্য বলে মতামত দেয়।<br><br>এনার্জি অডিট সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে দ্রুত পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) CCEB,USAID কর্তৃক প্রস্তুতকৃত 'Energy Regulatory Audit Manual for Thermal Power Plants', 'Energy Regulatory Audit of Ghorashal Power Plant (5th Unit, 210 MW)' ও 'Bangladesh Energy Regulatory Commission Regulatory Energy Audit of Generation Facilities Regulations, 2017' বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কিত বিস্তারিত পর্যালোচনা পরিচালক (বিদ্যুৎ) পরবর্তী সময়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন।<br><br>(খ) শিল্প কারখানায় ব্যবহৃত প্রাথমিক জ্বালানি ব্যবহারকারী সরঞ্জাম, মটর ও অন্যান্য যন্ত্রপাতির মান নির্ধারণ ও জ্বালানি দক্ষতা বৃদ্ধিসহ কো-জেনারেশন কার্যক্রম সম্পর্কে আলোচনার জন্য গ্যাস শাখা একটি সভার আয়োজন করবে।<br><br>(গ) পরিচালক (অর্থ ও হিসাব) রেগুলেটরী এনার্জি অডিট সংক্রান্ত কার্যক্রম পরিচালনা সম্পর্কিত একটি প্রকল্প প্রণয়ন করবেন। | পরিচালক (গ্যাস), পরিচালক (বিদ্যুৎ), পরিচালক (অর্থ ও হিসাব) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৪/১৫ | **আলোচ্য বিষয়:** কমিশনের সহকারী পরিচালক (পেট্রোলিয়াম) এর ১টি শূন্য পদে (মুক্তিযোদ্ধা কোটায়) জনবল নিয়োগের জন্য সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের সহকারী পরিচালকের (পেট্রোলিয়াম) ১ টি শূন্য পদে (মুক্তিযোদ্ধা) কোটায় নিয়োগের জন্য গত ২২ আগস্ট ২০১৭ তারিখে স্মারক নং-বিইআরসি/নিয়োগ/প্রশাঃ ২৮৫ (অংশ-৪)/৪৩৪৮ মূলে দুইটি দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত তারিখে সহকারী পরিচালক (পেট্রোলিয়াম) পদে ২৫ টি আবেদন পাওয়া গেছে।<br><br>বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর তফসিল অনুসারে সহকারী পরিচালক (বিদ্যুৎ/গ্যাস/পেট্রোলিয়াম) পদে আবেদনের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:<br><br>ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাইনিং, বিদ্যুৎ, কেমিক্যাল, যন্ত্র প্রকৌশল, প্রাকৃতিক গ্যাস অথবা পেট্রোলিয়াম সংক্রান্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (প্রকৌশল) ডিগ্রী:<br><br>খ) পাবলিক পরীক্ষায় অন্যূন ২ (দুই) টি প্রথম শ্রেণী বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br><br>উক্ত পদে গত ২২ আগস্ট ২০১৭ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে 'যন্ত্র প্রকৌশল' বিষয়টি ভুলবশত উল্লেখ করা হয়নি। ফলে সহকারী পরিচালকের (পেট্রোলিয়াম) ১ টি শূন্য পদে (মুক্তিযোদ্ধা) কোটায় নিয়োগের জন্য 'যন্ত্র প্রকৌশল' বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন উল্লেখ করে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। এক্ষেত্রে ইতঃপূর্বে মাইনিং, বিদ্যুৎ, কেমিক্যাল, প্রাকৃতিক গ্যাস অথবা পেট্রোলিয়াম সংক্রান্ত বিষয়ে ডিগ্রীধারী যে সকল প্রার্থী উক্ত পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার দরকার নেই মর্মে উল্লেখ করা যেতে পারে মর্মেও সভায় জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত:** সহকারী পরিচালকের (পেট্রোলিয়াম) ১ টি শূন্য পদে নিয়োগের জন্য সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | সচিব |
| সিএম ১৬৪/১৬ | **আলোচ্য বিষয়:** কমিশনের পরিচালকগণের দাপ্তরিক কক্ষে ব্যবহারের জন্য ৪টি টেলিভিশন ক্রয় সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের পরিচালক (গ্যাস), (বিদ্যুৎ), (অর্থ ও হিসাব) এবং (পেট্রোলিয়াম) এর দাপ্তরিক কক্ষে বর্তমানে ৪(চার)টি টেলিভিশন রয়েছে। টেলিভিশনগুলো অনেক পুরোনো এবং ব্যবহার অনুপোযোগী হওয়ায় কমিশনের অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত কমিটি উক্ত টেলিভিশনগুলো অকেজো ঘোষণা করার জন্য সুপারিশ করেছে। কমিশনের পরিচালকগণের দাপ্তরিক কক্ষে ব্যবহারের জন্য ৪টি টেলিভিশন ক্রয় করা যেতে পারে। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের কমিশনের অনুমোদিত বাজেটের অন্যান্য (টেলিভিশন) (কোড নং-৬৮৫১) ২.০০ (দুই) লক্ষ টাকা খাতে বরাদ্দ রয়েছে এ খাত হতে এ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি।<br><br>**সিদ্ধান্ত:** কমিশনের পরিচালকগণের দাপ্তরিক কক্ষে ব্যবহারের জন্য ২(দুই)টি টেলিভিশন ক্রয়ের অনুমোদন প্রদান করা হয়। | সচিব |
| সিএম ১৬৪/১৭ | **আলোচ্য বিষয়:** কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের কর্পোরেট মোবাইল সিম প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের কর্পোরেট মোবাইল সিম প্রদানের বিষয়টি পুনরায় পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মিজানুর রহমান)<br>সদস্য | (মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | (মাহমুদউল হক ভূঁইয়া)<br>সদস্য | (রহমান মুরশেদ)<br>সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৫৯৭৪

তারিখঃ নভেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

০৫.১১.১৭

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫